কোটচাঁদপুরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক) অনুর্ধ্ব-১৭ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে উপজেলার কুশনা ইউনিয়ন পরিষদ (অনুর্ধ্ব-১৭) একাদশ- ও পৌরসভা (অনুর্ধ্ব-১৭) একাদশের মধ্যে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলার নির্ধারিত সময়ের মধ্যে পৌরসভা একাদশ ২-০ গোলে কুশনা ইউনিয়ন পরিষদ একাদশকে পরাজিত করে জয়লাভ করে। খেলা শেষে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি ও বিশেষ অতিথি পৌর মেয়র মোঃ শহিদুজ্জামান সেলিম বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমান, কুশনা ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান, প্যানেল মেয়র জাহিদুল ইসলাম, স্থানীয় পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত বিশ্বাস, পৌর ওয়ার্ড কাউন্সিলর খায়রুল ইসলাম, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান সহ নানা শ্রেণী-পেশার ক্রীড়া ব্যাক্তিত্ব। খেলাটি পরিচালনা করেন, উপজেলার ক্রীড়া সংগঠক মোঃ রুস্তম কবির।

গাংনীর কাথুলীতে দিনে দুপুরে দোকান লুট

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের কাথুলী মোড়ের তিথী ষ্টোরে দিনে দুপুরে দোকান লুট হয়েছে। বুধবার দুপুরে এ ঘটনা ঘটে।

এ বিষয়ে তিথী ষ্টোরের স্বত্বাধিকারী নজরুল ইসলাম জানান আজ ১২.৩০ মিনিটের সময় আমি দোকান বন্ধ করে বাসায় খেতে যায় পরে ২.৩০ মিনিটের সময় দোকান খুলে দেখি দোকানের পেছনের অংশের উপরের টিন কেটে দোকানের ভিতরে প্রবেশ করে নগদ ৯০ হাজার টাকা, ৩৫ হাজার টাকার রিচার্জ কার্ড বিকাশ কাজে ব্যাবহৃত দুইটা মোবাইল যেখানে বিকাশের টাকাও ছিল, ও বিভিন্ন রকম উন্নতমানের রাসায়নিক বিষ ও বীজ নিয়ে যান।এতে আমার দুই লক্ষ টাকার মত নিয়ে গেছে বলে ধরনা করেন।

দোকান মালিক জানান দিনের বেলায় যদি ব্যাবসা করতে গিয়ে নিরাপত্তা না থাকে তাহলে কি করে ব্যাবসা করবো। ক্ষুদ্র ব্যাবসা থেকেই তো জীবন ও জীবিকা চলমান তার উপর যদি এমন শুরু হয় তাহলে কোথায় যাবো।আমি এর সুসুষ্ঠ বিচার চাচ্ছি। কাথুলী গ্রামের স্থানীয় ব্যাবসিক নাহিদুজ্জামান জানান দিনে দুপুরে যদি এমন ঘটনা ঘটতে থাকে তাহলে তো ব্যাবসা করাই কঠিন। তবে ঝুকির মধ্য পড়ে গেলাম।

আরো একজন ব্যাবসিক জানান এভাবে চলতে থাকলে পথে বসতে হবে আমাদের কারন ক্ষুদ্র ক্ষুদ্র করে ব্যাবসাটটিকে যখনি প্রসার ঘটানোর চেস্টা তখনি এমন দুর্ঘটনা।তবে প্রশাসনের কাছে সুষ্ঠ বিচার দাবি জানাচ্ছি খুব দ্রুত যেন এর প্রতিকার আমরা পাই। এ বিষয়ে ধলা ক্যাম্পের ইনচার্জ নজরুল ইসলাম জানান এখন পর্যন্ত কোন অভিযোগ দায়ের করা হয় নি তবে অভিযোগ দায়ের করলে আমরা আইনী সর্বচ্চ ব্যাবস্থা গ্রহন করবো।তবে আমরা পরিদর্শনে গেছিলাম দেখেছি টিন কাটা ছিল এবং দোকান মালিক আমাদের জানায় ৯০ হাজার টাকা ৩৫ হাজার টাকার রিচার্জ কার্ড নিয়ে যায় আমরা এখন পর্যন্ত জানতে পারিনি কে বা কারা এই ঘটনার সাথে লিপ্ত।

মেহেরপুরে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মেহেরপুর জেলা তথ্য অফিসের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর ক্ষুদ্র পরিসরে সামাজিক

জানিয়েও ঘরে রাখতে পারছি না সেখানে বঙ্গবন্ধু তার জীবনের সবচেয়ে সোনালী দিনগুলো কারাগারে কাটিয়েছেন। যেখানে পরিবারের সাথেই মানুষ ঘরে থাকতে অপারগ সেখানে বাংলার মানুষের জন্য বঙ্গবন্ধু নির্জন কারাগারে কাটিয়েছেন ৪৬৮২ দিন। বঙ্গবন্ধু সেই ত্যাগের মহিমাকে সমুন্নত রাখতে তিনি শিক্ষার্থীদের আহ্বান জানান।

।

শিশু ধর্ষককে বাঁচাতে চেয়ারম্যানের ন্যাক্কারজনক পদক্ষেপ

কালিগঞ্জ উপজেলার রাখালগাছি ইউনিয়নের সুবিতপুর গ্রামে ৫ বছরের শিশুকে ধর্ষণের অভযোগে সেলিম হোসেন কে গ্রেফতার ও স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহিদুল ইসলাম বিষয়টিকে ধামাচাপা দেবার অপরাধে দৃষ্টান্তমূলক শাস্তির অভিযোগ করে ঝিনাইদহ জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে ঝিনাইদহ পোস্ট অফিস মোড়ে মানববন্ধন করা হয়।
ভিক্টিম শিশুর মা জানান ঘটনা ঘটার পর ডাক্তার দেখানোর সামর্থ না থাকায় স্থানীয় চেয়ারম্যান এর কাছে নিয়ে যায় এবং চেয়ারম্যান শিশুর যৌনাংগে হাত দিয়ে জানান ধর্ষণের আলামত নেই। ঘটনাটিকে ন্যাক্কারজনকভাবে ধামাচাপা দেবার এই চরিত্র উপস্থাপন করায় খুব্ধ এলাকাবাসী।

গাংনীর সাহারবাটিতে বোমা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনুষ্ঠিত হয়।
সিভিল সার্জন ডা: নাসির উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় মূল বক্তব্য উপস্থাপনা করেন মেডিক্যাল অফিসার ফয়সাল হারুন।
সিভিল সার্জন ডা: নাসির উদ্দীন বলেন, আগামী ৫ জুন থেকে ১৯ জুন পর্যন্ত দুই সপ্তাহ ব্যাপী এ ক্যাম্পেইন চলবে।

৬ থেকে ১১ মাস বয়সী ৮১৪২ জন শিশুকে নীল রঙের ভিটামিন এ ক্যাপসুল্ এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৫৯৭৭২ জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।

কর্মশালায় সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইপিআই সুপার আব্দুস সালাম। কর্মশালায় মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক, সাধারণ সম্পাদক আলামিন হোসেনসহ সাংবাদিকরা অংশ নেন।

স্টেডিয়ামপাড়া থেকে হরোইনসহ বাবা ছেলে আটক

“হাত বাড়ালেই মরণনেশা” শিরোনামে গতকাল মেহেরপুর প্রতিদিনে প্রধান সংবাদ প্রকাশ করা হয়। সংবাদ প্রকাশের পর নড়েচড়ে উঠেছে পুলিশ প্রশাসন।
গতকাল সন্ধ্যাা রাতে শহরের স্টেডিয়ামপাড়ায় অভিযান চালিয়ে ৪ গ্রাম হেরোইনসহ বাবা ও ছেলেকে আটক করেছে ডিবি পুলিশ। এ সময় তাদের কাছে থাকা একটি মোবাইল ফোন জব্দ করা হয়। আটকরা হলেন স্টেডিয়ামপাড়ার মৃত আব্দুর রহমান খানের ছেলে রাইহান খান(৫৭) এবং তার ছেলে টুটুল খান (৩০)।
ডিবির ওসি জুলফিকার আলী জানান, পুলিশ সুপার স্যারের নির্দেশে শহরের স্টেডিয়াম পাড়ায় গোপন সোর্স লাগিয়ে রাখি। সন্ধ্যার দিকে গোপন সংবাদের ভিত্তিতে রাইহানের বাড়িতে অভিযান চালিয়ে ৪গ্রাম হেরোইনসহ বাবা ছেলেকে আটক করে ডিবি অফিসে নেওয়া হয়। পরে তাদের সদর থানায় মামলা দিয়ে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরের আম কাঁঠাল যাচ্ছে সারা দেশে

মেহেরপুর জেলার আমের সুখ্যাতি ও কদর রয়েছে দেশ জুড়ে। মহামারি করোনা ভাইরাসের কারনে এবছর মেহেরপুরের আম,কাঁঠাল অন্যান্য দেশে চাহিদা না থাকায় জেলার অনেক যুবক আম ও কাঁঠাল বিক্রি করছেন অনলাইনে। অর্ডার করলেই ক্রেতাদের দ্বারে পৌঁছে যাচ্ছে সু-স্বাদু এ ফল। জেলার আম, কাঁঠাল সু-স্বাদু হওয়ায় দেশের রাজধানীসহ বিভিন্ন জেলায় চাহিদার শেষ নেই। গেল কয়েক বছর আম ও কাঁঠাল ইউরোপের বেশ কয়েকটি দেশে পাঠানো হতো। করোনাভাইরাসের কারনে এখানকার ব্যাবসায়ীরা এবছর ওই দেশ গুলিতে এবছর আম ও কাঁঠাল পাঠাতে পারেনি। ফলে মুল্য বিপর্যয় ঘটেছে ব্যাবসায়ী ও বাগানমালিকদের। এ-সুযোগে শিক্ষিত বেকার যুবকেরা অনলাইনের মাধ্যমে আম -কাঁঠাল বিক্রি করে আয় করছেন মোটা অংকের টাকা। কেমিক্যাল মুক্ত ফল বিভিন্ন কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পোঁছে যাচ্ছে ক্রেতাদের হাতে।

জেলায় উৎপাদিত আমের মধ্যে বোম্বাই, হিমসাগর, ল্যাংড়া, গোপালভোগ ও আম রুপালির চাহিদা সবচেয়ে বেশি । মধু মাসের মধু ফল আম লিচু ও কাঁঠাল। বেশ কয়েকদিন আগে থেকে মেহেরপুরে লিচু বাজারজাত শুরু হলেও ১৪ মে থেকে বোম্বাই ও গুটি আমসহ সকল জাতের আম সংগ্রহের মধ্য দয়ে শুরু হয়েছে বাজারজাত। জেলা ছাড়িয়ে চলে যাচ্ছে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায়। অনাবৃষ্টির করণে আমের গুটি ঝরে গেলেও আমের ফলন হয়েছে ভালো। তারপরও ন্যায্য মূল্য পেলে সে ক্ষতি পুষিয়ে নিতে পারবেন বলে জানান বাগান মালিকরা।

জানাগেছে, মেহেরপুরের হিমসাগর আম দেশের সবচেয়ে বেশি সুস্বাদু হওয়ায় ইউরোপ মহাদেশে ক্রমেই এর চাহিদা বেড়ে চলেছে। করোনার কারণে এবছরে বিদেশে আম রপ্তানি করা যায়নি। এছাড়াও জেলার বিভিন্ন অঞ্চলেও মেহেরপুরের হিমসাগর আমের ব্যাপক চাহিদা বেড়েছে। ফলে হিমসাগর আমের মাধ্যমে মেহেরপুর আমের জন্য প্রসিদ্ধ এলাকা হিসেবে চিহিৃত হচ্ছে। তবে এটিকে ধরে রাখতে হলে সঠিক সময় আম বাজারজাত করতে হবে বলে জানান আম চাষিরা

পর্যন্ত লাইভের মাধ্যমে ক্রেতাদের দেখানো হয়। ফরমালিন কিংবা কোনো প্রকার কেমিক্যাল ব্যাবহার হয়না। তাই এখানকার ব্যাবসায়ী ও ফলের প্রতি মানুষের ধারনা ভাল। আমরা এই বিশ্বস্ততাকে ধরে রাখতে চাই।

মেহেরপুরের এক কুরিয়ার সার্ভিসের কর্মকর্তা জানান, প্রতিদিনই ঢাকাসহ বিভিন্ন জেলায় প্রচুর আম ও কাাঁল যাচ্ছে। অন্যান্য বছরের তুলনায় এবার কুরিয়ারের ওপর নির্ভর করছে ক্রেতা বিক্রেতারা।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ জানান,পরিপক্ক ও কেমিক্যাল মুক্ত আম ও কাঁঠাল ভোক্তাদের ক ছে নিরাপদে পৌঁছে দেবার লক্ষে কৃষি বিভাগ কাজ করছে । বাগান মালিক,ব্যাবসায়ী ও শ্রমিকদের সতর্ক করা হয়েছে কোনো প্রকার কেমিক্যাল স্প্রে না করার জন্য। এবিষয়ে আমাদের মনিটরিং টিম কাজ করছে প্রতিনিয়ত।

দর্শনায় বাংলা মদসহ ১ জন গ্রেফতার

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫ লিটার বাংলা মদসহ আশানুল হক (৪২) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। মঙ্গলবার সন্ধা সাড়ে ৭ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি মাহাবব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই মাজহারুল ইসলাম এ এস আই মারুফুল ইসলাম ও এ এস আই ইদ্রিস আলী সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় শ্যামপুর গ্রামে।

এসময় পুলিশ দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের মল্লিক পাড়ার নৃর ইসলামের ছেলে আশানুল হক (৪২) কে তার বসত বাড়ির ঘরের ভিতর থেকে ৫ লিটার বাংলামদ সহ তাকে গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই মাজহারুল ইসলাম বাদি হয়ে মাদক আইনে মামলাসহ কোট হাজতে প্রেরণ করে।

[redacted]

[redacted]